

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শার্শা, যশোর।
sharsha.jessore.gov.bd

স্মারক সংখ্যাঃ ০৫.৪৪.৪১৯০.৬৪৯.০১৮.০৬.০২৩.২২-২২৭

তারিখঃ ২৭/০২/২০২২ খ্রিঃ

প্রশিক্ষণের পুনঃ বিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে উপজেলা প্রশাসন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, শার্শা, যশোর এর আয়োজনে উপজেলা ২০২১-২০২২ অর্থবছরের রাজস্ব তহবিল এবং উপজেলা পরিচালন উন্নয়ন প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে “অনলাইনে আয়বর্ধনমূলক আউটসোর্সিং” বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নিম্নোক্ত শর্তাধীনে প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

বিজ্ঞপ্তির ক্রমিক নং	প্রশিক্ষণের নাম	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা ও অন্যান্য শর্তাবলী	০৮/০৩/২০২২ খ্রিঃ তারিখে বয়স
১	অনলাইনে আয়বর্ধনমূলক আউটসোর্সিং প্রশিক্ষণ	এস.এস.সি পাশ বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	২। বেসিক আইসিটি, ইন্টানেট ব্রাউজিং দক্ষতা এবং ফটোশপের দক্ষতাকে অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে। ৩। ফ্রিল্যান্সিংকে পেশা হিসেবে গ্রহণে ইচ্ছুক এমন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। ৪। প্রশিক্ষণার্থীর অবশ্যই ল্যাপটপ, মাল্টিপ্লাগ, মডেম ইত্যাদি থাকতে হবে।	সর্বোচ্চ ৪০ বছর

প্রশিক্ষণার্থীর সংখ্যা	আবেদন জমার শেষ তারিখ ও সময়	মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	প্রশিক্ষণের তারিখ	প্রশিক্ষণের সময়	প্রশিক্ষণের স্থান
প্রতি ব্যাচে ২০ জন করে মোট ৪০ জন	০৮/০৩/২০২২ খ্রিঃ বিকাল ০৫:০০ টা	০৯/০৩/২০২২ খ্রিঃ সকাল ০৯:৩০ টা	১০/০৩/২০২২ খ্রিঃ হতে ২৪/০৩/২০২২ খ্রিঃ পর্যন্ত	সকাল ০৯:০০ টা হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত	শেখ রাসেল ডিজিটাল ল্যাব শার্শা উপজেলা কলেজ

নির্দেশনাবলিঃ

১। আবেদনকারীকে উপজেলা প্রশাসন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর ওয়েবসাইট (sharsha.jessore.gov.bd ও doict.sharsha.jessore.gov.bd) হতে নির্ধারিত ফরম ডাউনলোড করে কম্পিউটার কম্পোজ/হাতে লিখে স্বাক্ষরসহ সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজ রঞ্জিন ছবি (ছবির পিছনে নামসহ) শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং স্থানীয় চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদের কপি সংযুক্ত করে আগামী ০৮/০৩/২০২২ খ্রিঃ তারিখে বিকাল ৫.০০ টার মধ্যে উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়(আইসিটি অফিস), শার্শা, যশোরে হাতে হাতে প্রেরণ করতে হবে।

২। মৌখিক পরীক্ষা উক্ত সময়ানুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শার্শা, যশোরে অনুষ্ঠিত হবে। সাক্ষাৎকারের সময় আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল মূল সনদ পত্র নিয়ে আসতে হবে। মৌখিক পরীক্ষা শেষে ০৯/০৩/২০২২ খ্রিঃ তারিখেই ফলাফল জানানো হবে।

৩। প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট ও সম্মানী প্রদান করা হবে।

৪। দূরবর্তী প্রশিক্ষণার্থীদের নিজ ব্যবস্থাপনায় থাকা খাওয়ার ব্যবস্থা করতে হবে।

কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৭/০২/২২
মীর আলিফ রেজা
উপজেলা নির্বাহী অফিসার
শার্শা, যশোর